# দুই প্রকল্পের জন্য ১৬ কোটি ডলার দিচ্ছে এডিবি

m.bdnews24.com/bn/detail/economy/1693326

এছাড়া নারায়নগঞ্জভিত্তিক 'সেকেন্ডারি টাউন ওয়াটার সাপ্লাই অ্যান্ড স্যানিটেশন' প্রকল্পের জন্য আরও ১ কোটি ১০ লাখ ডলার দিচ্ছে ম্যানিলাভিত্তিক এ ঋণদাতা সংস্থা।

এ দুই প্রকল্পে অর্থায়নের জন্য সোমবার সরকারের সঙ্গে মোট ১৬ কোটি ১০ লাখ ডলারের দুটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশি মুদ্রায় এর পরিমাণ এক হাজার ৩৬৮ কোটি টাকা।

৫ বছরের রেয়াতকালসহ ২ শতাংশ সুদে ২৫ বছরে এ ঋণ পরিশোধ করতে হবে বাংলাদেশকে।

বাংলাদেশ সরকারের পক্ষে ইআরডির অতিরিক্ত সচিব ফরিদা নাসরিন এবং এডিবির আবাসিক প্রতিনিধি মনমোহন পারকাশ চুক্তিতে সই করেন।

শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে এ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ফরিদা নাসরিন বলেন, "বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে কাজ করছে সরকার। এ জন্য প্রয়োজনীয় অর্থায়ন করছে উন্নয়ন অংশীদারেরা। দেশের আর্থ-সামাজিক উন্নয়নে এডিবির ভূমিকা উল্লেখযোগ্য।"

মনমোহন পারকাশ অনুষ্ঠানে বলেন, বাংলাদেশ সাম্প্রতিক সময়ে যে অর্থনৈতিক উন্নয়ন করছে এই ধারা অব্যাহত রাখতে দক্ষ জনবল তৈরি করতে হবে।

এজন্য দক্ষতা বৃদ্ধির ওপর গুরুত্ব আরোপ করে তিনি বলেন, এসইআইপি প্রকল্পের মাধ্যমে দক্ষ জনবল তৈরি করা হচ্ছে। এর মধ্য দিয়ে সরকারি-বেসরকারি বিভিন্ন শিল্পে দক্ষ জনবলের ঘাটতি পূরণ হবে।

অনুষ্ঠানে জানানো হয়, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ ২০১৪ থেকে ২০২৪ পর্যন্ত ১০ বছর মেয়াদে ১০০ কোটি ৭০ লাখ ডলার ব্যয়ে 'স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম' (এসইআইপি) বাস্তবায়ন করছে। এ প্রকল্পে এডিবি মাল্টি ট্রান্স ফাইনানসিং ফ্যাসিলিটির (এমএফএফ) আওতায় ৩ কিস্তিতে সর্বমোট ৩৫ কোটি ডলার দিচ্ছে।

প্রথম কিস্তিতে ১০ কোটি ডলার এবং দ্বিতীয় কিস্তিতে ১০ কোটি ডলার ইতোমধ্যে ছাড় করেছে সংস্থাটি। এবার তৃতীয় কিস্তিতে দিচ্ছে ১৫ কোটি ডলার।

'আরবান ডেভেলপমেন্ট প্রিপারেটরি ফ্যাসিলিটি' প্রকল্পটির মোট ব্যয় ১ কোটি ৭১ লাখ ডলার। এর মধ্যে এডিবি ঋণ হিসেবে দেবে ১ কোটি ১০ লাখ ডলার। বাকি ৬১ লাখ ডলার সরকারের নিজস্ব তহবিল থেকে ব্যয় করা হবে।

Copyright © Bangladesh News 24 Hours Limited All Rights Reserved